

সকল টিডিএসবির (TDSB) পরিবারগণ,

অন্টারিও সরকার বা গভর্নমেন্ট অব অন্টারিও ঘোষণা করেছেন যে 2021-2022 স্কুল শিক্ষাবর্ষের জন্য স্কুল বোর্ডসমূহ ব্যক্তিগতভাবে-উপস্থিতি (In-Person) এবং ভার্চুয়াল শিক্ষণ (Virtual Learning) সংক্রান্ত বিকল্পসমূহ প্রদান করবে।

এটি মাথায় রেখেই, টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (টিডিএসবি - TDSB) পরিবারগণকে আগস্ট মাসের মাঝামাঝি সময়ে অনলাইনে একটি **সিলেকশন ফর্ম ফর ইন-পারসন অব ভার্চুয়াল লার্নিং (Selection Form for In-Person or Virtual Learning)** সম্পন্ন করার জন্য অনুরোধ করবে।

ঐ সময়ে, পরিবারগণের কাছে অতিমারী বা প্যানডেমিক এবং স্কুলের কর্মচারী ও শিক্ষার্থীগণের টিকাদানসমূহের অবস্থা সম্পর্কে হালনাগাদকৃত তথ্য থাকবে এবং একটি অবহিত সিদ্ধান্ত-গ্রহণ করার জন্য তারা আরো ভালো অবস্থানে থাকবেন। টিডিএসবিও ব্যক্তিগতভাবে-উপস্থিতির স্কুলসমূহে শিক্ষণের জন্য স্বাস্থ্য ও সুরক্ষা ব্যবস্থা সম্পর্কিত তথ্য এবং কিভাবে সরাসরি বা লাইভ, অনলাইন ভার্চুয়াল শিক্ষণ অনলাইনে সরবরাহ করা হবে সে সম্পর্কে আরো বিস্তারিত প্রদান করার জন্য আরো ভালো অবস্থানে থাকবে।

ভার্চুয়াল স্কুলসমূহ (প্রাথমিক বা এলিমেন্টারি এবং মাধ্যমিক বা সেকেন্ডারি) যেগুলো বর্তমানে রয়েছে, সেগুলো 2021-2022 স্কুল শিক্ষাবর্ষে প্রদান করা হবে না। ভার্চুয়াল শিক্ষণটি নিজ-নিজ স্কুল বা হোম স্কুলসমূহের (home schools) মাধ্যমে প্রদান করা হবে এবং এটি নিজ-নিজ স্কুল বা স্কুলসমূহের একটি গ্রুপ থেকে শিক্ষকগণ, কর্মচারীগণ ও শিক্ষার্থীগণ সম্পৃক্ত করে সরাসরি, অনলাইন শিক্ষাদানকে অন্তর্ভুক্ত করবে।

যেহেতু আমরা অতিমারীটি থেকে বের হয়ে ধীরে ধীরে উত্তরণের জন্য পরিকল্পনা করছি, আমরা 2021 সালের সেপ্টেম্বর মাসে সকল শিক্ষার্থীকে তাদের নিজ-নিজ স্কুলসমূহের সাথে পুনরায় যুক্ত করার প্রত্যাশা করছি। আগস্ট মাসের মাঝামাঝি সময়ের মধ্যেই, আমরা টিডিএসবির কর্মচারীগণ, শিক্ষার্থীগণ এবং পরিবারগণের মধ্যে উচ্চ মাত্রার টিকাকরণ আশা করছি ও প্রত্যাশা করছি যে আরও বেশী পরিবার ব্যক্তিগতভাবে-উপস্থিতির শিক্ষণ নির্বাচন করবেন।

সিলেকশন ফর্ম ফর ইন-পারসন এবং ভার্চুয়াল লার্নিংটি সম্পর্কে আরো তথ্য আগস্ট মাসে পরিবারগণকে সরাসরি ইমেইলে প্রেরণ করা হবে। সকল তথ্য এবং নির্বাচন সংক্রান্ত ফর্ম বা সিলেকশন ফর্মটি টিডিএসবির ওয়েবসাইটে উপলভ্য করা হবে।

আগামী স্কুল শিক্ষাবর্ষটির জন্য পরিকল্পনা করতে একত্রে কাজ করা কালীন, আপনাদের সহায়তা অব্যাহত রাখার জন্য ধন্যবাদ!